গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট
www.dakshinsurma.sylhet.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১৩১.০০০.০০২.০১৩.১৯. ৪৯৭

তারিখ: ২৮ এপ্রিল, ২০২৫

বিষয়: উপজেলা পরিষদের মাসিক সভা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদের এপ্রিল/২০২৫ মাসের মাসিক সভা নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী দক্ষিণ সুরমা উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

| সভা | সভার প্রকৃতি | তারিখ | সময় | সভাপতি |
|---|---|---|---|---|
| উপজেলা পরিষদের সভা | মাসিক সভা | ২৯/০৪/২০২৫ | বেলা ১২:০০ ঘটিকা | প্রশাসক<br>উপজেলা পরিষদ<br>দক্ষিণ সুরমা, সিলেট |

কমিটির সম্মানিত সদস্যগণকে সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

২৮/০৪/২৫

উর্মি রায়
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট
ফোন: ০২৯৯৬৬৪৬৯৯৩
unosouthshurma@mopa.gov.bd

বিতরণ :- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট
২. উপজেলা................................... অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট
৩. সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট। (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
৪. চেয়ারম্যান......................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট
৫. জনাব/বেগম.......................................................দক্ষিণ সুরমা, সিলেট

সদয় জ্ঞাতার্থে
জেলা প্রশাসক, সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।
www.dakshinsurma.sylhet.gov.bd

## এপ্রিল/২০২৫ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| তারিখ ও সময় | : ২৯/০৪/২০২৫, দুপুর ১২:০০ ঘটিকা |
| স্থান | : উপজেলা পরিষদের সভা কক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিতি | : পরিশিষ্ট "ক" |
| সভাপতি | : উর্মি রায়, প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর ফেব্রুয়ারি/২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়।

গত সভার কার্যবিবরণীতে কোন আপত্তি/সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। <u>স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ)</u>: মার্চ/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী সকল ইউ/পি হতে পাওয়া গেছে।

<u>সিদ্ধান্ত</u> : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্ততঃ একবার সাধারণ সভা করে সভার কার্যবিবরণী চৌদ্দ দিনের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

<u>বাস্তবায়নে</u> : ইউনিয়ন চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

০২। <u>প্রকৌশল বিভাগ (এলজিইডি)</u>: উপজেলা প্রকৌশলী তাঁর বিভাগীয় কার্যক্রমের তথ্যাদি নিয়ে উপস্থাপন করেন।

<u>প্রস্তাব-১</u>: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, (ক) ২০২৪-২৫ অর্থ বছরে পরিচালন বাজেটে ইউনিয়ন পরিষদ খাতের আওতায় গৃহীত প্রকল্পের টেন্ডারের জন্য পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের বিল বাবদ দৈনিক জালালাবাদ পত্রিকার বিল ১১,০৭৪/- (এগার হাজার চুয়াত্তর) টাকা প্রয়োজন।

(খ) ননগেজেটেড কোয়ার্টারের ৩য় তলার পশ্চিম পাশের ফ্ল্যাট রংকরণ, ইলেকট্রিক সামগ্রী ক্রয় ও ওয়াশরুম মেরামত বাবদ ২৪,৯৫০/- (চব্বিশ হাজার নয়শত পঞ্চাশ) টাকা প্রয়োজন।

(গ) উপজেলা পরিষদ কমপ্লেক্সের মাঠের চারপাশে লাইট স্থাপন ও দুইটি সিসি ক্যামেরা ক্রয় বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা প্রয়োজন।

(ঘ) উপজেলা পরিষদের পানির পাম্প মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা প্রয়োজন।

(ঙ) উপজেলা পরিষদের জন্য একটি ডেস্কটপ কম্পিউটার (এইচপি কোর আই ৭ ব্রান্ড পিসি), একটি প্রজেক্টর ও প্রজেক্টরের স্ক্রীন ক্রয় বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রয়োজন।

(চ) উপজেলা পরিষদের সভা কক্ষের সাউন্ড সিস্টেম মেরামত বাবদ ৩,০০০/- (তিন হাজার) টাকা প্রয়োজন।

(ছ) কামালবাজার ফাজিল মাদ্রাসার সামনে বাসিয়া নদীর ভাঙ্গন মেরামত (২য় পর্ব) বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রয়োজন।

<u>সিদ্ধান্ত</u>: (ক) ২০২৪-২৫ অর্থ বছরে পরিচালন বাজেটে ইউনিয়ন পরিষদ খাতের আওতায় গৃহীত প্রকল্পের টেন্ডারের জন্য পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের বিল বাবদ দৈনিক জালালাবাদ পত্রিকার বিল ১১,০৭৪/- (এগার হাজার চুয়াত্তর) টাকা টাকা রাজস্ব তহবিলের বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল, সংবাদপত্রের বিজ্ঞপ্তির বিল ইত্যাদি পরিশোধ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) ননগেজেটেড কোয়ার্টারের ৩য় তলার পশ্চিম পাশের ফ্ল্যাট রংকরণ, ইলেকট্রিক সামগ্রী ক্রয় ও ওয়াশরুম মেরামত বাবদ ২৪,৯৫০/- (চব্বিশ হাজার নয়শত পঞ্চাশ) টাকা রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) উপজেলা পরিষদ কমপ্লেক্সের মাঠের চারপাশে লাইট স্থাপন ও দুইটি সিসি ক্যামেরা ক্রয় বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) উপজেলা পরিষদের পানির পাম্প মেরামত ব... ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা রাজস্ব তহবিলের পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত/ক্রয় খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) উপজেলা পরিষদের জন্য একটি ডেস্কটপ কম্পিউটার (এইচপি কোর আই ৭ ব্রান্ড পিসি) , একটি প্রজেক্টর ও প্রজেক্টরের স্ক্রীন ক্রয় বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা রাজস্ব তহবিলের অফিস সরঞ্জাম ক্রয় খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(চ) উপজেলা পরিষদের সভা কক্ষের সাউন্ড সিস্টেম মেরামত বাবদ ৩,০০০/- (তিন হাজার) টাকা রাজস্ব তহবিলের অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ছ) কামালবাজার ফাজিল মাদ্রাসার সামনে বাসিয়া নদীর ভাঙ্গন মেরামত (২য় পর্ব) বাবদ ২,০০,০০০/- টাকা উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত) খাত হতে প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

০৩। **প্রকল্প বাস্তবায়ন বিভাগ** : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

০৪। স্বাস্থ্য বিভাগ : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ক... র প্রতিনিধি জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

০৫। পরিবার **পরিকল্পনা** বিভাগ : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

০৬। **কৃষি বিভাগ** : উপজেলা কৃষি অফিসার জানান যে, প্রতি মণ ধান ১৪৪০/- টাকা দরে খাদ্য গুদামে বিক্রি করা যাবে। বিষয়টি ব্যাপক প্রচারের জন্য জনপ্রতিনিধিদের অনুরোধ করেন।

০৭। **প্রাণি সম্পদ বিভাগ** : উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

০৮। মৎস্য বিভাগ : উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

০৯। **প্রাথমিক শিক্ষা বিভাগ** : উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১০। **মাধ্যমিক শিক্ষা বিভাগ:** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফি... জানান যে, বই বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।

১১। **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা অফিসার জান... , বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১২। সমবায় বিভাগ: অনুপস্থিত।

১৩। **মহিলা বিষয়ক বিভাগ** : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১৪। **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** : সহকারী প্রকৌশলী জানান যে, প্রস্তাবিত গ্রামীণ স্যানিটেশন প্রকল্পের আওতায় উপজেলা ভিত্তিক ০৪টি কমিউনিটি টয়লেট নির্মাণের স্থানের তালিকা পাওয়া গিয়েছে। যথা:- ১। উপজেলা পরিষদ কমপ্লেক্স (মোগলাবাজার) ২। লালাবাজার হাইওয়ে যাত্রী ছাউনী (তেতলীবাজার পয়েন্ট) ৩। মা ও শিশু কল্যাণ কেন্দ্র (তেতলী) এবং ৪। আল-জামিয়াতুল ইসলামিয়া দাখিল মাদ্রাসা (জালালপুর)।

বন্যায় ক্ষতিগ্রস্থ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পুণ: নির্মাণে জরুরী সহায়তা প্রকল্প এর আওতায় দুইটি পাবলিক টয়লেট এর স্থানের তালিকা পাওয়া গিয়েছে। যথা:- ১) রাখালগঞ্জ বাজার (দাউদপুর) ২) কামাল বাজার ইউনিয়নের কামালবাজার।

সিদ্ধান্ত : প্রস্তাবিত গ্রামীণ স্যানিটেশন প্রকল্পের আওতায় উপজে... া ভিত্তিক ০৪টি কমিউনিটি টয়লেট নির্মাণ এবং বন্যায় ক্ষতিগ্রস্থ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পুণ: নির্মাণে জরুরী সহায়তা প্রকল্প এর আওতায় দুইটি পাবলিক টয়লেট নির্মাণের স্থানের তালিকা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়।

বাস্তবায়নে: সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, দক্ষিণ সু... া, সিলেট।

১৫। **পল্লী উন্নয়ন বিভাগ** : অনুপস্থিত।

১৬। যুব উন্নয়ন বিভাগ : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১৭। <u>ইউজিডিপি</u> : ইউডিএফ, ইউজিডিপি জানান যে, ইউজিডিপি থেকে বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্প গ্রহণ করা যাবে। ইউপি চেয়ারম্যানগণ প্রত্যেক বাজারে ১টি করে বর্জ্য ব্যবস্থাপনার প্রকল্প গ্রহণ ক... মতামত প্রদান করেন।

১৮। <u>উপজেলা নির্বাচন ভবন (সার্ভার স্টেশন)</u> : উপজেলা নির্বাচন অফিসার জানান যে, নির্বাচন কমিশন সচিবালয়ের ২৩ মার্চ ২০২৫ তারিখের স্মারক নং ১৭.০০.০০০০.০২২.৬৯.০০১.২৪-৩১ মূলে ৪৪টি উপজেলার মধ্যে উপজেলা নির্বাচন ভবন নির্মাণ করা হবে। উক্ত ৪৪টি উপজেলার মধ্যে সিলেট জেলার দক্ষিণ সুরমা উপজেলা অন্তর্ভুক্ত করা হয়েছে। উপজেলা নির্বাচন ভবন নির্মাণের লক্ষ্যে উপজেলা পরিষদে নির্বাচন কমিশন সচিবালয়ের অনুকূলে ১০ (দশ) শতাংশ ভূমি বরাদ্দ প্রদানের জন্য মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের নির্দেশনা রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

<u>সিদ্ধান্ত</u>: শহীদ বুদ্ধিজীবী মুক্তিযোদ্ধা মোহাম্মদ আব্দুল মুকতাদির মিলনায়তন এবং উপজেলা প্রশাসনিক ভবনের মধ্যবর্তী স্থানে ৫৫×৮০ বর্গফুট জায়গা প্রদানের বিষয়ে মতামত প্রদান করা হয়।

<u>বাস্তবায়নে</u>: উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা নির্বাচন অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

<u>সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য</u> : উর্মি রায়, প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য ইউ/পি চেয়ারম্যানগণ এবং সকল বিভাগীয় কর্মকর্ত... ...ন্যবাদ জ্ঞাপন করেন। পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের গত মাসের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন। এডিপি থেকে গৃহীত প্রকল্পগুলো দ্রুত সময়ের মধ্যে যথাযথভাবে বাস্তবায়নের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/০৪/২৫

উর্মি রায়
প্রশাসক
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১৩১.০০০.৪০.০১২.২৪.৪২২/১

তারিখঃ ২৯ এপ্রিল, ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও ... মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সিলেট।
৫। প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৬। নির্বাহী প্রকৌশলী ......................................................................................সিলেট।
৭। উপ-পরিচালক ......................................................................................সিলেট।
৮। উপজেলা ..........................................................................কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।
৯। সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট (পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১০। চেয়ারম্যান ..........................................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
১১। জনাব/বেগম.................................. সদস্য.............................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

উর্মি রায়
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৬৯১৩

পরিশিষ্ট ক সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা: স্বাক্ষরের ক্রমানুসারে

| উপস্থিত জনপ্রতিনিধি | অনুপস্থিত জনপ্রতিনিধি |
|---|---|
| ১। চেয়ারম্যান, ০৩নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। চেয়ারম্যান, ৪নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। চেয়ারম্যান, ৫নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। চেয়ারম্যান, ৬নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। চেয়ারম্যান, ৮নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। চেয়ারম্যানের প্রতিনিধি, ৯নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৭। চেয়ারম্যান, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | ১। চেয়ারম্যান, ৭নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |
| ১। উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৭। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট<br>৮। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১১। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট<br>১২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৫। ইন্সট্রাক্টর, ইউআরসি, দক্ষিণ সুরমা, সিলেট | ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট |